বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
প্রধান প্রকৌশলী (পুর), মনিটরিং এর দপ্তর
পানি ভবন, ৭২ গ্রীন রোড,ঢাকা-১২০৫।
www.bwdb.gov.bd

স্মারক নম্বর: ৪২.০১.০০০০.০০৭.৭৮.০০১.১৭.৫৪

তারিখ: ১০ চৈত্র ১৪২৮
২৪ মার্চ ২০২২

বিষয়: **জেলা প্রশাসনকে প্রকল্প পরিবীক্ষণ ও মূল্যায়নের দায়িত্ব প্রদান সম্পর্কিত জনপ্রশাসন মন্ত্রণালয়ের আদেশ এর প্রত্যাহারের বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রীর সাথে আইইবি নেতৃবৃন্দের ফলপ্রসূ আলোচনার পর আইএমইডি কর্তৃক প্রস্তাবিত "প্রকল্প পরিবীক্ষণ ছক" এর উপর মতামত/সুপারিশ প্রদান প্রসঙ্গে।**

সূত্র: ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, বাংলাদেশ (আইইবি) এর স্মারক নং-সদ/আইইবি/জি/বিবিধ/২০২২/৭৪৪, তারিখঃ ২০.০৩.২০২২খ্রিঃ।

উপযুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, জেলা প্রশাসনকে প্রকল্প পরিবীক্ষণ ও মূল্যায়নের দায়িত্ব প্রদান সম্পর্কিত জনপ্রশাসন মন্ত্রণালয়ের আদেশ এর প্রত্যাহারের বিষয়ে গত ১৫.০৩.২০২২ খ্রিঃ জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রীসহ জনপ্রশাসন সচিব ও আইএমইডি সচিব মহোদয়ের সহিত আইইবি নেতৃবৃন্দের একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত আলোচনার প্রেক্ষিতে দেশের উন্নয়ন প্রকল্পসমূহের তথ্য-উপাত্ত সংগ্রহের বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি) কর্তৃক একটি "প্রকল্প পরিবীক্ষণ ছক" নির্দ্ধারণ করা হয়েছে (কপি সংযুক্ত)। উক্ত "প্রকল্প পরিবীক্ষণ ছক" এর বিষয়ে আপনার সুচিন্তিত মতামত/সুপারিশ প্রয়োজন।

এমতাবস্থায়, অত্রসাথ সংযোজিত ছকের বিষয়ে আপনার সুচিন্তিত মতামত/সুপারিশ অত্র পত্রের তারিখ হতে আগামী ৩ (তিন) কর্মদিবসের মধ্যে অত্র দপ্তরে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

মহাপরিচালক, বাপাউবো, মহোদয়ের সদয় অনুমোদনক্রমে এ পত্র প্রেরণ করা হলো।

বিষয়টি জরুরী বিবেচ্য।

সংযুক্তিঃ সূত্রস্থ স্মারকের পত্র ও ছক।

২৪-৩-২০২২
মোঃ রফিকুল ইসলাম চৌবে
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর)
ফোন: ০২-২২২২৩০১০০
ইমেইল:
ce.monitoring@bwdb.gov.bd

প্রধান প্রকৌশলী, বাপাউবো,
রাজশাহী/রংপুর/ফরিদপুর/বরিশাল/খুলনা/ঢাকা/কুমিল্লা/চট্টগ্রাম/সিলেট।

স্মারক নম্বর: ৪২.০১.০০০০.০০৭.৭৮.০০১.১৭.৫৪/১(৪)

তারিখ: ১০ চৈত্র ১৪২৮
২৪ মার্চ ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) অতিরিক্ত মহাপরিচালক (পুর্ব রিজিয়ন), পুর্ব রিজিয়ন, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

২) অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন), পশ্চিম রিজিয়ন, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

৩) সিএসও টু মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

৪) সিনিয়র সিস্টেম এনালিষ্ট (অতিরিক্ত দায়িত্ব), কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।

(পত্রটি বাপাউবো'র ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)

২৪-৩-২০২২
মোঃ রফিকুল ইসলাম চৌবে
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর)

ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, বাংলাদেশ (আইইবি)

শহীদ প্রকৌশলী ভবন, আইইবি সদর দফতর, রমনা, ঢাকা-১০০০

ফোন : ০২-২২৩৩৮৯৪৮৫, ০২-২২৩৩৮৭৮৬০, ফ্যাক্স : ৮৮-০২-২২৩৩৮২৪৪৭,

E-mail : info.iebhq@gmail.com, info@iebbd.org, Web: www.iebbd.org,

স্মারক নং- সদ/আইইবি/জি/বিবিধ/২০২২/ ৭৪৪(৬)

তারিখ: ২০ মার্চ, ২০২২ খ্রি.

৬২১

.....৫৫০...../মপ তারিখঃ ২৩/০৩/২২

১। অমপ (পূর্ব/পশ্চি/পরি/প্রশাসন/অর্থ)/ প্রঃ প্রকৌঃ (পরি/মনি)

২। .....

★ অনুলিপি অবগতির জন্য প্রেরণ করা হলো।

★ বিধি মোতাবেক ব্যবস্থা নিন।

★ পত্রের মর্মানুসারে প্রতিবেদন পেশ করুন।

★ পরীক্ষা করে পেশ করুন।

★ তদন্ত করে মতামত সহ প্রতিবেদন দিন।

★ সভায় যোগদান করুন এবং কার্যবিবরণী অবহিত করুন

★ আলাপ করুন

মহাপরিচালক

বরাবর

প্রকৌশলী ফজলুর রশিদ

মহাপরিচালক

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

পানি ভবন

৭২, গ্রীণ রোড, ঢাকা।

বিষয় ঃ জেলা প্রশাসনকে প্রকল্প পরিবীক্ষণ ও মূল্যায়নের দায়িত্ব প্রদান সম্পর্কিত জনপ্রশাসন মন্ত্রণালয়ের আদেশ-এর প্রত্যাহারের বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রীর সাথে আইইবি নেতৃবৃন্দের ফলপ্রসূ আলোচনার পর আইএমইডি কর্তৃক প্রস্তাবিত "প্রকল্প পরিবীক্ষণ ছক"-এর উপর আপনার প্রকৌশল সংস্থার পক্ষ থেকে মতামত দেয়া প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

বাংলাদেশের প্রকৌশলীদের প্রতিনিধিত্বকারী একমাত্র জাতীয় প্রতিষ্ঠান ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, বাংলাদেশ (আইইবি)-এর পক্ষ থেকে সশ্রদ্ধ সালাম ও শুভেচ্ছা নিবেন।

আপনি নিশ্চয়ই অবগত আছেন যে, জেলা প্রশাসনকে প্রকল্প পরিবীক্ষণ ও মূল্যায়নের দায়িত্ব প্রদান সম্পর্কিত জনপ্রশাসন মন্ত্রণালয়ের আদেশ প্রত্যাহারের বিষয়ে বিভিন্ন প্রকৌশল সংস্থার প্রধানদের মতামতের ভিত্তিতে আইইবি কর্তৃক মানববন্ধন কর্মসূচী সহ ইতোমধ্যে বেশ কিছু কর্মসূচী পালন করা হয়েছে। উক্ত আদেশ প্রত্যাহারের বিষয়ে সর্বশেষ গত ১৫ মার্চ, ২০২২ খ্রি. তারিখে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব ফরহাদ হোসেন এমপি, জনপ্রশাসন সচিব এবং আইএমইডি সচিব মহোদয়ের সাথে আইইবি'র প্রেসিডেন্ট প্রকৌশলী মো. নূরুল হুদা-এর নেতৃত্বে বাংলাদেশ আওয়ামী লীগের বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক সম্পাদক ও আইইবি'র প্রাক্তন পেসিডেন্ট প্রকৌশলী মো. আবদুস সবুর সহ আইইবি'র কেন্দ্রীয় নেতৃবৃন্দের ফলপ্রসূ আলোচনা হয়। উক্ত আলোচনায় খুব শীঘ্রই এই আদেশ স্থগিত করার বিষয়ে মাননীয় প্রতিমন্ত্রী ও সচিব মহোদয়গণ আইইবি নেতৃবৃন্দদের আশ্বস্ত করেছেন। একই সাথে মাননীয় প্রধানমন্ত্রীর উন্নয়ন রূপকল্প-২০৪১ এর অভিষ্ঠ লক্ষমাত্রা অর্জনে দেশের উন্নয়ন কার্যক্রম অব্যাহত রাখার জন্য খুব শীঘ্রই জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক আইএমইডি ও আইইবি'র প্রতিনিধির সমন্বয়ে একটি কমিটি গঠন করার বিষয়ে মাননীয় প্রতিমন্ত্রী মহোদয় আইইবি'র নেতৃবৃন্দদের অবহিত করেন।

দেশের উন্নয়ন প্রকল্পসমূহের তথ্য-উপাত্ত সংগ্রহের বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি) কর্তৃক একটি "প্রকল্প পরিবীক্ষণ ছক" নির্ধারণ করা হয়েছে (কপি সংযুক্ত)। উক্ত "প্রকল্প পরিবীক্ষণ ছক"-এর বিষয়ে আপনার সংস্থার কোন মতামত/সুপারিশ থাকলে তা আগামী ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট লিখিতভাবে জানানোর জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।

ধন্যবাদান্তে,

একান্তভাবে আপনার,

20/03/2022

প্রকৌশলী মো. শাহাদাৎ হোসেন (শীবলু), পিইঞ্জ.

সম্মানী সাধারণ সম্পাদক, আইইবি।

মোবা ঃ ০১৭১১ ৫২৬৪৮১

সংযুক্তি ঃ **প্রকল্প পরিবীক্ষণ ছক (০১ ফর্দ)।**

প্রকল্প পরিবীক্ষণ ছক:

১. (ক) প্রকল্পের নাম:

(খ) প্রকল্পের মেয়াদ:

(গ) প্রকল্পের প্রাক্কলিত মূল্য:

২. জেলায় প্রকল্পের কার্যক্রম শুরুর তারিখ:

৩. বাস্তবায়নকারী মন্ত্রণালয়/সংস্থা:

৪. পরিদর্শনকারী কর্মকর্তার নাম, পদবী ও দপ্তর:

৫. পরিদর্শনের তারিখ:

৬. পূর্বে পরিদর্শনকারী কর্মকর্তার নাম, পদবী ও দপ্তর:

৭. প্রকল্পের কার্যক্রম গুলির নাম:

৮. এ জেলায় প্রকল্পের কাজের অগ্রগতি:

ক্রমিক নং	কাজের নাম ও বর্ণনা	টেন্ডারের তারিখ ও প্রস্তাবিত মূল্য	চুক্তি তারিখ ও চুক্তি মূল্য	চুক্তি অনুযায়ী কাজ শেষ হওয়ার তারিখ	বর্তমান অগ্রগতি	বিলম্ব হলে তার কারণ
১	২	৩	৪	৫	৬	৭

৯. ভূমি অধিগ্রহণ/ Resettlement কার্যক্রম এর হালনাগাদ তথ্য:

১০. Utility Shifting (বিদ্যুৎ/পানি/গ্যাস) সংক্রান্ত তথ্য:

১১. আন্ত:বিভাগীয় (Crosscutting) ইস্যুর (যদি থাকে) তথ্য:

১২. কর্মসম্পাদনকালে পরিবেশের উপর ক্ষতিকর প্রভাব ও প্রতিকারমূলক ব্যবস্থা:

১৩. প্রকল্প এরিয়ায় জনবল এবং নির্মাণ সামগ্রীর মবিলাইজেশন সংক্রান্ত তথ্য :

১৪. ঠিকাদার সম্পর্কিত বা সামাজিক কোন সমস্যা যা প্রকল্প বাস্তবায়নকে বাধাগ্রস্ত করছে

১৫. প্রকল্পটি অন্য কোন প্রকল্পের সাথে ওভারল্যাপিং হচ্ছে কিনা:

১৬. বরাদ্দজনিত/অন্য কোন সমস্যা:

১৭. সার্বিক মন্তব্য :

পরিদর্শনকারী কর্মকর্তার
স্বাক্ষর ও সিল